গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৩৫৬

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | **কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০জুন, ২০২৬), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৬০,<br>**৬৪টি জেলা (৭১টি কেন্দ্র) :**<br>ঢাকা-৬টি (কলেজ গেইট, মোঃপুর-০১টি, মিরপুর-০১টি, শাহজাহান রোড মোঃপুর-০১টি, সাভার যুব প্রশিক্ষণ কেন্দ্র-০১টি, সবুজমতি ভবন, খিলগাঁও-০১টি, শাহানশাহ কমপ্লেক্স,বিজয়নগর-০১টি), গাজীপুর-২টি (টংগী-০১টি, কাজীবাড়ী, যুব ভবন-০১টি), চট্টগ্রাম-২টি(হালিশহর-০২টি) এবং অবশিষ্ট ৬১টি জেলায় ৬১টি কেন্দ্র | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৮-৩১ ডিসেম্বর ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০২. | **প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০জুন, ২০২৬), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**৪টি বিভাগীয় শহরে ৫টি কেন্দ্র**<br>ঢাকা-০২টি, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা- ০১টি কেন্দ্র | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৮-৩১ ডিসেম্বর ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৩. | **ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০জুন, ২০২৬), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**৫৮টি জেলায় ৫৯টি কেন্দ্রঃ**<br>খাগড়াছড়ি, কক্সবাজার, মৌলভীবাজার, পিরোজপুর, গোপালগঞ্জ ও কুমিল্লা ব্যতিত ৫৮টি জেলায় ৫৯টি কেন্দ্র (ঢাকা-২টি, অবশিষ্ট ৫৭ জেলায় ৫৭টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩১ ডিসেম্বর ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৪. | **ইলেকট্রনিক্স (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০জুন, ২০২৬), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**৬০টি জেলায় ৬১টি কেন্দ্রঃ**<br>মৌলভীবাজার, ব্রাহ্মণবাড়িয়া নোয়াখালী ও রাঙ্গামাটি ব্যতিত ৬০টি জেলায় ৬১টি কেন্দ্র (ঢাকা-২টি কেন্দ্র অবশিষ্ট ৫৯ জেলায় ৫৯টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩১ ডিসেম্বর ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৫. | **রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০জুন, ২০২৬), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**৫৮টি জেলায় ৫৯টি কেন্দ্রঃ**<br>মৌলভীবাজার, চাঁদপুর, পটুয়াখালী, ভোলা, রাঙ্গামাটি, ও খাগড়াছড়ি ব্যতিত ৫৮ জেলায় ৫৯টি কেন্দ্র( (ঢাকা-২টি অবশিষ্ট ৫৭ জেলায় ৫৭টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩১ ডিসেম্বর ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৬. | **মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০জুন, ২০২৬), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৪০,<br>**১৯টি জেলায় ২৪টি কেন্দ্রঃ**<br>ঢাকা-(৪টি কেন্দ্র), মুন্সিগঞ্জ, ফরিদপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, রংপুর, দিনাজপুর, রাজশাহী-২টি কেন্দ্র, মাদারীপুর, পাবনা, বগুড়া, খুলনা-২টি কেন্দ্র, যশোর, কুষ্টিয়া, বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, কুড়িগ্রাম ও কুমিল্লা জেলা কার্যালয়। | ৫০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৮-৩১ ডিসেম্বর ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |

পাতা/২

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০৭. | **''পোশাক তৈরি'', (অনাবাসিক)**<br>মেয়াদ-৩ মাস (০১ জানুয়ারি হতে ৩১ মার্চ, ২০২৬), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫,<br>**৬৩ জেলায় ৬৯টি কেন্দ্রঃ**<br>মৌলভীবাজার ব্যতীত ৬৩টি জেলায় ৬৯টি কেন্দ্র (ঢাকা-৬টি, গাজীপুর-২টি এবং অবশিষ্ট ৬১ জেলায় ৬১টি কেন্দ্র) | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩১ ডিসেম্বর ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৮. | **'ওভেন সুইং মেশিন অপারেটর (অনাবাসিক)'**<br>মেয়াদ-২ মাস (০১ জানুয়ারি হতে ২৮ ফেব্রুয়ারি, ২০২৬), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২০,<br>**০৩ জেলায় ০৩টি কেন্দ্রঃ**<br>ঢাকা, নারায়নগঞ্জ ও গাজীপুর জেলা ০১টি কেন্দ্র) | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩১ ডিসেম্বর ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৯. | **ক্যাটারিং (অনাবাসিক)**<br>মেয়াদ-৩ মাস (০১ জানুয়ারি হতে জুন, ২০২৬), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**০২ জেলায় ০২টি কেন্দ্রঃ**<br>খুলনা জেলা কার্যালয় ০১টি, সাভার যুব প্রশিক্ষণ কেন্দ্রে ০১টি কেন্দ্র) | ১০০০/- | এসএসসি পাস | ২৮-৩১ ডিসেম্বর ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ১০. | **''গবাদিপশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি'' বিষয়ক প্রশিক্ষণ কোর্স, (আবাসিক)**<br>মেয়াদ-০৩ মাস (০১ জানুয়ারি হতে ৩১ মার্চ, ২০২৬) প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৫০<br>**৬৪টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র** | ১০০/ (জামানত ১০০/- ফেরত যোগ্য) | অষ্টম শ্রেণি পাস | ২৮-৩১ ডিসেম্বর ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৪ ডিসেম্বর, ২০২৫খ্রি. এবং প্রশিক্ষণ শুরু ০১ জানুয়ারি, ২০২৬খ্রি.।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) আবেদনকারী/প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঙ) দূরবর্তী স্থানে বসবাসরত কর্মপ্রত্যাশী যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়ে আবেদন দাখিল করতে পারবে।

চ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সংগে আনতে হবে।

ছ) **দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভুক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।**

জ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোনো প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

ঝ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঞ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

ট) আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

(ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

(খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

(গ) প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

(ঘ) প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

(ঙ) তাত্ত্বিক ক্লাশগুলো অনলাইন/সশরীরে এবং ব্যবহারিক ক্লাশগুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করা হবে।

(চ) ক্রমিক নং **১) কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন ও ২) প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন বিষয়ক কোর্স** ব্যতিত সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন।

(ছ) ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

পাতা/৩

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ**

* উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ জেলা)
* কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র (নিজ জেলা)।
* উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ উপজেলা)।

১১/১২/২০২৫
(প্রিয়সিন্ধু তালুকদার)
পরিচালক ( প্রশিক্ষণ)
(যুগ্মসচিব)
ফোন: ০২-২২৩৩৮০৭০৩
E-mail: dirtraining@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৩৫৬ তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক/প্রকল্প পরিচালক-------------------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। মাননীয় উপদেষ্টার ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৪। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। যুগ্মসচিব (যুব) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (যুব) মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৬। **উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ------------------------(সকল)জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য, প্রাণিসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, প্রাণিসম্পদ কার্যালয়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং নিবন্ধিত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীর সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no, ই-মেইল ঠিকানা ভর্তির সময় বাধ্যতামূলকভাবে সংরক্ষণ ও ডাটাবেজ তৈরি করতে হবে।**
০৭। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----------------------------(১০টি কেন্দ্র)।
০৮। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----------------------------(৫৪টি কেন্দ্র)।
০৯। প্রোগ্রামার, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১১। অফিস কপি।

১১.১২.২০২৫
(প্রজেষ কুমার সাহা)
উপপরিচালক (প্রশিক্ষণ-১)
ফোন নং ০২২২৬৬৪২০৩।
E-mail: ddtraining